গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা।
Date- 14 MAR 2022
প্রাপ্ত পত্র নং 426

-৬৬-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্প
আল-আমিন মিলেনিয়াম টাওয়ার (লেভেল-১৩), ৭৫-৭৬, কাকরাইল, ঢাকা-১০০০।
ই-মেইল: bmap@nbr.gov.bd, ফোন: ০২-৫৮৩১৬৭৪০

**বিষয়: Customs Bond Management System(CBMS)-এর জন্য ডেভেলাপকৃত বন্ড লাইসেন্স এপ্লিকেশন মডিউলের User Acceptance Testing (UAT)-এর লক্ষ্যে "Real end user" কর্তৃক টেস্টিং বিষয়ে আয়োজিত সভার কার্যবিবরণী।**

সূত্র: বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্পের পত্র নং-০৮.০১.০০০০.০৫৬.১৫.০০৬.২০/৯৯৪, তারিখ: ২৬/০১/২০২২ খ্রি.।

| | |
|---|---|
| সভার সভাপতি | : জনাব কাজী মোস্তাফিজুর রহমান, কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা। |
| তারিখ ও সময় | : ৩১/০১/২০২২ খ্রি. তারিখ দুপুর ৩:০০ টা। |
| স্থান | : সম্মেলন কক্ষ, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা। |
| উপস্থিতি তালিকা | : **পরিশিষ্ট-'ক'।** |

২। **উপস্থাপনা ও আলোচনা:**

২.১। সভাপতি মহোদয়ের অনুমতি নিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্পের উপ পরিচালক নিপুণ চাকমা সভার প্রেক্ষাপট নিয়ে আলোচনা করেন। তিনি উল্লেখ করেন, বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্পের আওতায় নিয়োগকৃত পরামর্শক প্রতিষ্ঠান রিভ সিস্টেমস লি. কর্তৃক Customs Bond Management System (CBMS) প্রণয়নের কার্যক্রম চলমান রয়েছে। প্রতিষ্ঠানটি CBMS সফটওয়্যারের মডিউলসমূহের মধ্যে বন্ড লাইসেন্স এপ্লিকেশন মডিউলসহ কয়েকটি গুরুত্বপূর্ণ মডিউলের ডেভেলপমেন্ট ইতোমধ্যে সম্পন্ন করেছে এবং ডেভেলপকৃত মডিউলসমূহের ডেমো ভার্সন গত ১৮/০১/২০২২ খ্রি. তারিখে জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান এবং বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্পের HOPE মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় উপস্থাপন করেছে। উল্লেখ্য যে, ডেভেলপকৃত মডিউলসমূহের মধ্যে বন্ড লাইসেন্স এপ্লিকেশন মডিউলটির User Acceptance Testing (UAT) সম্পাদনপূর্বক দ্রুততম সময়ের মধ্যে লাইভ করার বিষয়ে চেয়ারম্যান মহোদয় উক্ত সভায় সদয় অনুশাসন প্রদান করেছেন। এমতাবস্থায়, বন্ড লাইসেন্স এপ্লিকেশন মডিউলের User Acceptance Testing (UAT) সম্পন্ন করার লক্ষ্যে "Real end user" কর্তৃক টেস্টিং দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করা প্রয়োজন। এলক্ষ্যে Customs Bond Management System (CBMS)-এর জন্য ডেভেলাপকৃত বন্ড লাইসেন্স এপ্লিকেশন মডিউলে বন্ড লাইসেন্স ফর্ম পূরণপূর্বক সাবমিশনের কার্যক্রমটি লাইভ ডেমন্সট্রেশন প্রদান করার জন্য রিভ সিস্টেমস লি. এর প্রতিনিধিকে অনুরোধ করেন।

২.২। রিভ সিস্টেমস লি. এর প্রতিনিধি প্রথমে Customs Bond Management System (CBMS)-এর ডেভেলাপমেন্ট কার্যক্রমের অগ্রগতি নিয়ে একটি পাওয়ার পয়েন্ট উপস্থাপনা প্রদান করেন। অতঃপর তিনি বন্ডের টাইপ, বন্ড লাইসেন্স রেজিস্ট্রেশন ফর্মে আয়কর বিভাগ কর্তৃক ইস্যুকৃত সম্পদ বিবরণী (আইটি ১০বি) এর কতিপয় ফিল্ড সংযোজন এবং বিদ্যমান ম্যানুয়াল বন্ড লাইসেন্স নম্বরের পরিবর্তে একটি নতুন ফরম্যাটে বন্ড লাইসেন্স নম্বর, যা সিস্টেম কর্তৃক স্বয়ংক্রিয়ভাবে জেনারেট করা হবে, এর বিষয়ে আলোচনার জন্য সভায় ইন-পারসন উপস্থিত কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকার উর্ধতন কর্মকর্তাবৃন্দ এবং জুম প্ল্যাটফর্মে উপস্থিত কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রামের উর্ধবতন কর্মকর্তাবৃন্দকে অনুরোধ করেন।

২.৩। রিভ সিস্টেমস লি. এর প্রতিনিধি বলেন, বিদ্যমান বন্ড লাইসেন্স ফর্মে বন্ডের ছয়টি ধরন উল্লেখ রয়েছে। এগুলো হলো - গার্মেন্টস বন্ড, ডীমড বন্ড, হোম-কনজাম্পশন বন্ড, প্রিভিলেজড বন্ড, সুপারভাইজড বন্ড ও এক্সপোর্ট প্রসেসিং বন্ড। তবে এই ছয় ধরণের বন্ডের বাইরেও আরও বন্ডের ধরণ রয়েছে। এই বিষয়ে কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা এর উপ কমিশনার জনাব জাহাঙ্গীর আলম বন্ডের ধরণকে ডাইরেক্ট বন্ড, ডীমড বন্ড, ডাইরেক্ট এন্ড ডীমড বন্ড, ডিপ্লোম্যাটিক/ ডিউটি পেইড/ প্রিভিলিজেড বন্ড, ডিউটি ফ্রি বন্ড, এক্সপোর্ট প্রসেসিং জোন বন্ড, ইকোনমিক জোন বন্ড, হাইটেক পার্ক বন্ড হিসেবে ভাগ করা যায় মর্মে প্রস্তাবনা দেন। প্রয়োজন অনুসারে এই বন্ডের টাইপকে সাব-ক্যাটাগরিতে নামকরণ করা যেতে পারে। যেমন – ডাইরেক্ট বন্ডকে ওভেন গার্মেন্টস, নিট গার্মেন্টস, ওভেন এন্ড নিট, নিট কম্পোজিট, ওভেন কম্পোজিট ইত্যাদি সাব-ক্যাটাগরিতে ভাগ করা যেতে পারে। সভাপতি মহোদয়ও আলোচ্য প্রস্তাবনার সাথে একমত পোষণ করেন এবং প্রস্তাবিত বিভিন্ন সাবক্যাটাগরির সাথে আরও বিস্তৃতভাবে সাব-ক্যাটাগরির নাম যোগ করে দেন।

২.৪। বিদ্যমান বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০০৮-এ লাইসেন্সের জন্য বিভিন্ন দলিলাদির মধ্যে সকল পরিচালক/মালিকের আয়কর বিভাগ কর্তৃক ইস্যুকৃত সম্পদ বিবরণী (আইটি ১০বি) এর সার্টিফাইড কপি আবশ্যিক দলিলাদি হিসেবে উল্লেখ থাকলেও নিরীক্ষা কার্যক্রম ও সরকারী স্বার্থের সুরক্ষা তথা সরকারী বকেয়া পাওনা আদায়ের জন্য আইটি-১০বি এ উল্লিখিত সম্পদের পূর্ণাঙ্গ বিবরণীর তথ্য স্ট্রাকচার্ড ডাটা হিসেবে বন্ড লাইসেন্স ফর্মে এন্ট্রি দেওয়া প্রয়োজন। তাই বন্ড লাইসেন্স ফর্মে আইটি-১০বি এ উল্লিখিত সম্পদের পূর্ণাঙ্গ বিবরণীর তথ্য অন্তর্ভুক্তির বিষয়ে সভায় উপস্থিত কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকার অতিরিক্ত কমিশনার মহোদয় সুপারিশ করেন। বিস্তারিত আলোচনার মাধ্যমে উপস্থিত সদস্যবৃন্দ সকলেই এবিষয়ে একমত পোষণ করেন।

২.৫। রিভ সিস্টেমস লি. এর প্রতিনিধি বলেন যে, বিদ্যমান ম্যানুয়াল বন্ড লাইসেন্স নম্বরের পরিবর্তে একটি নতুন ফরম্যাটে বন্ড লাইসেন্স নম্বরের প্রয়োজনীয়তা রয়েছে, যা স্বয়ংক্রিয়ভাবে সিস্টেম কর্তৃক জেনারেট করা হবে। তদুপরি, বিদ্যমান বন্ড লাইসেন্স নম্বর বা ওয়্যারহাউস নম্বরের মাধ্যমে সঠিকভাবে বন্ডের ধরণ ক্যাটাগোরাইজ করা হয় নি। এ প্রসঙ্গে সভায় জুম প্লাটফর্মে কানেক্টেড জাতীয় রাজস্ব বোর্ডের সিনিয়র সিস্টেম এনালিস্ট জনাব মোঃ ফজলুর রহমান বলেন, ওয়্যারহাউস নম্বর ১১ ডিজিট বিশিষ্ট যেখানে প্রথম ২ ডিজিট ইংরেজি অক্ষর, পরের ৩ ডিজিট অফিস কোড, পরবর্তী ২ এবং ৩ ডিজিট যথাক্রমে লাইসেন্স গ্রহণের সাল ও লাইসেন্স নাম্বার। ওয়্যারহাউস নম্বর যেহেতু এসাইকুডায় জমাকৃত ডাটার রেফারেন্স হিসেবে ব্যবহৃত হচ্ছে তাই এর কাঠামো পরিবর্তন করলে সঠিকভাবে লিংক আপ করা না হলে পূর্বের ডাটার একসেস পাওয়া যাবে না। অবশ্য, তৎকালীন সিস্টেম ম্যানেজার জনাব এ কে এম জাহিদ হোসেন যোগ করেন যে, বন্ড অফিস প্রয়োজন মনে করলে বিদ্যমান ওয়্যারহাউস নম্বরের ফরম্যাট পরিবর্তন না করে এর সাথে সাথে অতিরিক্ত ২ বা ৩ ডিজিট যোগ করে প্রযোজ্য ইনফরমেশন ইনকরপোরেট করা যেতে পারে।

২.৬। অতঃপর রিভ সিস্টেম লি.-এর প্রতিনিধি Customs Bond Management System (CBMS)-এর জন্য ডেভেলাপকৃত বন্ড লাইসেন্স এপ্লিকেশন মডিউলে বন্ড লাইসেন্স ফর্ম পূরণপূর্বক সাবমিশনের কার্যক্রমটি লাইভ ডেমন্সট্রেশন প্রদান করেন। লাইভ ডেমন্সট্রেশন প্রদানের সময় বন্ড লাইসেন্স ফর্মের বিভিন্ন ফিল্ড নিয়ে বিস্তারিত আলোচনা হয়। সভার সভাপতি উল্লেখ করেন যে, মালিকানার প্রকৃতি অনুসারে ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রোপ্রাইটর/চেয়ারম্যান অথবা ম্যানেজিং ডাইরেক্টর/ ম্যানেজিং পার্টনারের তথ্য, লিমিটেড বা অংশীদার কোম্পানীর জন্য প্রত্যেক শেয়ার হোল্ডারের যাবতীয় তথ্য আইভাস থেকে ইন্টিগ্রেশনের মাধ্যমে বন্ড লাইসেন্স ফর্মে অটো পপুলেট করা যাবে। এতে ব্যবহারকারীদের নতুন করে আর সম্পূর্ণ ফর্ম ফিল আপ করার প্রয়োজন হবে না।

২.৭। সভার এই পর্যায়ে কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রামের কমিশনার জনাব এ.কে.এম মাহবুবুর রহমান জানান যে, ইপিজেডের লাইসেন্স গ্রহণ পদ্ধতি স্বাভাবিক লাইসেন্স গ্রহণের পদ্ধতি থেকে কিছুটা ভিন্ন। ইপিজেডসমূহে প্রাথমিকভাবে একটি অস্থায়ী লাইসেন্স প্রদান করা হয় এবং পরবর্তীতে একটি নির্দিষ্ট সময়ের মধ্যে স্থায়ী লাইসেন্সের কার্যক্রম সম্পন্ন করতে হয়। ইপিজেডসমূহের জন্য লাইসেন্স গ্রহণের এ পদ্ধতি যেন Customs Bond Management System(CBMS) সফটওয়্যারেও থাকে সেজন্য তিনি নির্দেশনা প্রদান করেন।

৩। **সিদ্ধান্ত:**

বিস্তারিত আলোচনা শেষে সভায় উপস্থিত সদস্যগণ সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করেন:

৩.১। পরিশিষ্ট 'খ'-তে উল্লিখিত বন্ডের ধরণের ছক অনুসারে বন্ড লাইসেন্স আবেদন ফর্মে বন্ডের টাইপ বা ধরণ যোগ করতে হবে;

৩.২। বিদ্যমান ম্যানুয়াল বন্ড লাইসেন্স নম্বরের পরিবর্তে একটি নতুন ফরম্যাটে বন্ড লাইসেন্স নম্বরের বিষয়টি পরবর্তীতে জাতীয় রাজস্ব বোর্ডের আইটি টিমের সাথে আলোচনার মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে;

৩.৩। আয়কর বিভাগ কর্তৃক ইস্যুকৃত সম্পদ বিবরণী (আইটি ১০বি) এ উল্লিখিত সম্পদের পূর্ণাঙ্গ বিবরণীর তথ্য পরিশিষ্ট 'খ'-তে উল্লিখিত কতিপয় ছক, যথা - Immovable Assets, Movable Assets, Investments (Share, Debentures, Savings Certificate, FDR, DPS, Bond and others, Liquid Assets, Liabilities outside Business, বন্ড লাইসেন্স ফর্মে উল্লেখ করতে হবে; এবং

৩.৪। গৃহীত সিদ্ধান্তসমূহের পরিপ্রেক্ষিতে বন্ড লাইসেন্স এপ্লিকেশন মডিউলটি আপগ্রেডেশনের পর পরবর্তীতে সভার মাধ্যমে তা রিভিউ করা হবে।

৪। পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

নিপুণ চাকমা
উপ-প্রকল্প পরিচালক
ফোন: ০২-৫৮৩১৬৭৪৩
ই-মেইল: nipun.chakma@nbr.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা।
২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম।
৩। জনাব মো. ফজলুর রহমান, সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড।
৪। জনাব মো. জাকির হোসেন, অতিরিক্ত কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা।
৫। মোসাম্মৎ শাকিলা পারভীন, যুগ্ম-কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা।
৬। জনাব মো. গোলাম মোস্তফা, সিস্টেম এনালিস্ট, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৭। জনাব মো. গোলাম কবির, সিস্টেম এনালিস্ট, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা।
৮। জনাব আকতার হোসেন, উপ-কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা।
৯। জনাব মো. জাহাঙ্গীর আলম, উপ-কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা।

১০। জনাব সাদিয়া আফরোজ, উপ-কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা।
১১। জনাব হাসান নোমানী আলভী, সহকারী প্রোগ্রামার, বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্প।
১২। ব্যবস্থাপনা পরিচালক, রিভ সিস্টেমস লি., রিভ সেন্টার, প্লট-৯৪, পূর্বাচল এক্সপ্রেস হাইওয়ে, ডুমনি, খিলক্ষেত, ঢাকা।

নথি নং- ০৮.০১.০০০০.০৫৬.১৫.০০৬.২০/ ১০২৫(১-১৬)

তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৮ / ৯ মার্চ ২০২২

**অনুলিপি (সদয় অবগতির জন্য):**

১। সদস্য (শুল্ক: রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা ও প্রকল্প পরিচালক, বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্প।
৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। অফিস কপি।

০৯/০৩/২০২২
নিপুণ চাকমা
উপ-প্রকল্প পরিচালক

## পরিশিষ্ট – 'খ'

১। বন্ডের ধরণঃ

| Sl. No. | Types of Bond | Subcategories | |
|---|---|---|---|
| 1 | Direct Bond | Woven Garments | |
| | | Knit Garments | |
| | | Mixed Garments | |
| | | Knit Composite | |
| | | Woven Composite | |
| | | Mixed Composite | |
| | | Home Textile / Towel | |
| | | Bicycle | |
| | | Leather Goods & Footwear | Supervised / non supervised |
| | | Plastic & Accessories Exporter | |
| | | Chemical | |
| | | Light Engineering | |
| | | Ship Building | |
| | | Medical Goods | |
| | | Medium & Heavy Engineering | |
| 2 | Deemed Bond | Plastic Goods | |
| | | Paper & board Goods | |
| | | Chemical | |
| | | Washing & Dyeing | |
| | | Knitting | |
| | | Weaving | |
| | | Printing & Finishing | |
| 3 | Direct & Deemed Bond | | |
| 4 | Diplomatic/ Duty Paid/ Privileged Bond | | |
| 5 | Duty Free | | |
| 6 | Home Consumption Bond | | |
| 7 | Export Processing Zone Bond | | |

| | | | |
|---|---|---|---|
| 8 | Economic Zone Bond | | |
| 9 | High Tech Park Bond | | |

২। আয়কর বিভাগ কর্তৃক ইস্যুকৃত সম্পদ বিবরণী (আইটি ১০বি) এ উল্লিখিত সম্পদের পূর্ণাঙ্গ বিবরণীর তথ্যের জন্য নির্ধারিত ছকঃ

## Immovable Assets:

| Sl. No. | Description | Location | | | | | Total Area | Value in BDT | Comments | Deed Number & Date | Deed Mutation Copy |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | District | Thana | Mouza | RS Khatian | Dag No | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |

## Movable Assets:

| SL | Description | Registration Number of Vehicle/ Bank Branch | Value in BDT | Supporting Documents |
|---|---|---|---|---|
| 1 | Notes & Currencies | | | |
| 2 | Banks or other electronic cash | | | |
| 3 | PF and other Fund | | | |
| Total | | | | |

## Investments (Share, Debentures, Savings Certificate, FDR, DPS, Bond and others:

| SL | Investment Type | Description | BO Account Number/ Name of Account & Branch | Value in BDT | Supporting Documents |
|---|---|---|---|---|---|
| 1 | Share, Debentures etc. | | | | |
| 2 | Savings Certificate, Bond and others | | | | |
| 3 | FDR, DPS and other term deposit | | | | |
| 4 | Loan Given to Others | | | | |
| 5 | Other Investments | | | | |
| Total | | | | | |

-215-

Liabilities outside Business

| SL | Liabilities Type | Value in BDT | Borrowing Organization with Account Number | Supporting Documents |
|---|---|---|---|---|
| 1 | Borrowing from Bank and Other Financial Institutions | | | |
| 2 | Unsecured Loan | | | |
| 3 | Other Loans or Overdrafts | | | |
| | Total | | | |